

নর্মভিত্তিক অভীক্ষা (Norm Reference Test, NRT) :

যে অভীক্ষায় প্রাপ্ত নম্বরকে দলের অন্যান্য সদস্যদের সঙ্গে তুলনা করা হয় তাকে নর্মভিত্তিক-অভীক্ষা বা NRT বলে। এখানে দল বলতে বয়সভিত্তিক দল (Same age group) অথবা শিক্ষাস্তর ভিত্তিক দল (Grade group)। A norm reference test is a type of test, assessment, or evaluation which yields an estimate of the position of the tested individual in a predetermined population with respect to the trait being measured. The estimate is derived from the analysis of test scores.

প্রাপ্ত নম্বরকে কোনো সামর্থ্য/পারদর্শিতা দলের প্রেক্ষিতে বিচার করে তার অবস্থান বিচার করা হয়। অভীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের অর্জিত জ্ঞানের পরিমাণ করা হয়। ব্যক্তি দলের পারদর্শিতার প্রেক্ষিতে শিক্ষার্থীর আপেক্ষিক অবস্থানকে চিহ্নিত করাই হল NRT এর প্রধান উদ্দেশ্য। শ্রেণিকক্ষের সমস্ত অভীক্ষা, বিভিন্ন বোঝাপড়া পরীক্ষা এবং আদর্শায়িত অভীক্ষা (Standardized test) সবই নর্মভিত্তিক আদর্শমানভিত্তিক অভীক্ষার উদাহরণ। কারণ এ সমস্ত অভীক্ষা সমধর্মী নির্দিষ্ট শ্রেণির প্রেক্ষিতে বিচার করা হয়।

সবিশেষ (Well defined) উদ্দেশ্য অনুযায়ী নর্মভিত্তিক অভীক্ষা (NRT) প্রয়োগ করা হয়। NRT তে সর্বাপেক্ষা সুযোগ্য শিক্ষার্থীদের নির্দিষ্ট উদ্দেশ্যে নির্বাচিত করে শ্রেণিবিন্যাস করা যায়। তাছাড়া শিক্ষার্থীদের অগ্রগতির প্রাপ্ত তথ্য বা পরিমাপ (Measurement) শিক্ষক ও অভিভাবকদের সরবরাহ করা যায়। উত্তীর্ণ যোগ্যতা উন্নয়ন প্রতিষ্ঠা করতে শিক্ষার্থীদের সহায়তা করতে পারে। পাঠক্রমের অনুধাবনের NRT ভিত্তি তৈরি করতে পারে।

নর্মভিত্তিক অভীক্ষাকে Percentile Rank (P.R.), Standardized Score ইত্যাদি মাধ্যমে রিপোর্ট করা হয়।

নর্মভিত্তিক পরিমাপের সুবিধা

(Benefits of Norm Referenced Measurement)

নর্মভিত্তিক পরিমাপ যা আমরা নর্মভিত্তিক অভীক্ষা থেকে পাই তার কতকগুলি উল্লেখযোগ্য সুবিধা পরিলক্ষিত হয়। এর সাহায্যে অ্যাসেস বা বিচার করা হয়—

- শিক্ষার্থীকে কোনো নমুনাদলের নিরিখে বিচার করা।
- সমবৈশিষ্ট্যসম্পন্ন (Same category) শিক্ষার্থীদের একই শ্রেণিভুক্ত করা।
- শিক্ষার্থীর অগ্রগতির পরিমাপের জন্য যে সমস্ত তথ্য পাওয়া যায় তা অন্য অভীক্ষার মাধ্যমে ব্যাখ্যা করতে ব্যবহার করা।

- নির্ভরযোগ্য Rank অনুসারে শিক্ষার্থীদের সজ্জিত (Arrange) করা সম্ভব হয়।
- একজন শিক্ষার্থী তার শ্রেণিতে পাঠরত অন্যজনের তুলনায় কতটা এগিয়ে আছে বা পিছিয়ে আছে তাও চিহ্নিত করা।
- কোনো শিক্ষার্থী কোনো একটি প্রোগ্রামের জন্য কতটা সমর্থ তা নির্ণয় করা। ইত্যাদি।

নির্ণায়কভিত্তিক অভীক্ষা (Criterion Referenced Test)

যে অভীক্ষার দ্বারা শিক্ষার্থীর পারদর্শিতা পাঠক্রমের অন্তর্ভুক্ত কাম্য আচরণগত শিখনসামর্থ্য (expected behavioural learning outcome) পরিমাপ করা সম্ভব হয় তাকে নির্ণায়কভিত্তিক অভীক্ষা বলা হয়। এই অভীক্ষায় প্রাপ্ত নম্বরকে বলা হয় নির্ণায়কভিত্তিক পরিমাপ। (Criterion Referenced Measurement).

A criterion referenced test that is based on the type of behaviour expected of a person with a given score. The criterion is the domain of subject matter that the test is designed to assess.

W.James Popham বলেছেন, "A criterion referenced test is used to ascertain on individual status with respect to well defined behaviours domain.". সুতরাং নির্ণায়ক ভিত্তিক অভীক্ষা বলতে বোঝায় সবিশেষ মানের সরাসরি তৎপর্য নির্ণয় করার পরিমাপ।

নির্ণায়কভিত্তিক পরিমাপের সুবিধা

(Merits of Criterion Referenced Measurement) :

নির্ণায়কভিত্তিক অ্যাসেসমেন্ট দ্বারা—

- (1) শিক্ষণ ও তার পন্থতির ক্রমাগত পরিমার্জন করা যায়।
- (2) আচরণগত উদ্দেশ্য (behavioural objectives) বাস্তবায়িত হয়েছে কিনা তা লক্ষ করা।
- (3) শিক্ষার্থীর অগ্রগতির রিপোর্ট (Progressive report) প্রদানের সাবলীলতা যাচাই করা যায়।
- (4) বিশেষ সম্পাদনী স্তর (Performance level) অনুযায়ী শিক্ষার্থীদের সম্পাদনা কার্য পরিমাপ করা যায়।
- (5) এর মাধ্যমে পাঠক্রম পরিকল্পনা কতটুকু সঠিক তা বিচার করা যায়।
- (6) নির্দেশনাদানের আগে বা পরে অভীক্ষা তৈরি করা যায়।
- (7) শিক্ষার্থীদের শিখনে কোনো বিশেষ শিখন সামর্থ্যের দুর্বলতা নির্ণয় করে পুনঃশিখনের ব্যবস্থা করা সম্ভব হয়।

নির্ণায়কভিত্তিক অ্যাসেসমেন্টের সীমাবদ্ধতা (Limitation)

- (১) জ্ঞানের স্তর বা সামর্থ্য নির্ধারণ অক্ষমতা।
- (২) শিক্ষাগত পারদর্শিতার প্রয়োজনীয় সীমা নির্ধারণে অপারগতা।
- (৩) সামগ্রিক মূল্যায়ন অক্ষমতা।

নর্ম ভিত্তিক অভীক্ষা (Norm Referenced Test NRT) এবং নির্ণায়কভিত্তিক অভীক্ষা (Criterion Referenced Test, CRT) মধ্যে তুলনামূলক আলোচনা।

NCERT কর্তৃক প্রকাশিত 'criterion referencencing testing' বইটিতে ড.এস.রেভি NRT এবং CRT এ বিষয়ে নিম্নলিখিত তুলনামূলক আলোচনা করেছেন।

যেমন—

তুলনার ক্ষেত্র	NRT	CRT
(i) উদ্দেশ্য (Objectives)	(i) শিক্ষার্থীর পারদর্শিতা পরিমাপ করা এবং দলের অন্যান্যদের সঙ্গে তুলনা করা।	(i) শিক্ষার্থীর পারদর্শিতার মান পূর্বনির্ধারিত মানদণ্ডের সাহায্যে ঠিক করা। তার শিক্ষাগত বৈশিষ্ট্যের সম্বন্ধে ধারণা গঠন ও কিছু সময়ান্তরে পুনঃপুনঃ প্রয়োগে শিক্ষার্থীর সম্পর্কে মূল্যায়ন।
(ii) অভীক্ষার পরিকল্পনা (Construction of Test)	(ii) অভীক্ষার পরিকল্পনা বিষয়বস্তুর সাধারণ বিবরণ অনুযায়ী করা হয়।	(ii) শিক্ষার্থী যে সমস্ত আচরণ করলে নিশ্চিত হওয়া যাবে যে অভীক্ষা গ্রহণের উদ্দেশ্য সাধিত হয়েছে সেই আচরণগুলি (Behavioural objectives) চিহ্নিত করে সেই অনুযায়ী পরিকল্পনা করা।
(iii) অভীক্ষাপদের প্রকৃতি (Nature of Test item)	(iii) সংক্ষিপ্ত উত্তর, অতি সংক্ষিপ্ত উত্তর, নৈর্বাচনিক প্রশ্ন ও রচনাধর্মী সব ধরনের পদ ব্যবহার করা যায়।	(iii) সব ধরনের পদ ব্যবহার করা যায়।

তুলনার ক্ষেত্র	NRT	CRT
(iv) পদ নির্বাচন (Selection of items).	(iv) অভীক্ষা পদ নির্বাচন করা হয় পদের কাঠিন্যমাত্রা ও পার্থক্য নির্ণয়ের (difficulty and discriminating indices) নির্ণয়ের মাত্রা অনুযায়ী তবে বিভেদমাত্রার প্রতি লক্ষ্য রাখা হয়, যাতে প্রাপ্ত নম্বরের বিস্তার বেশি থাকে।	(iv) অভীক্ষাপদের শিখন শিক্ষণের উদ্দেশ্য (Objectives) কঠোর প্রতিফলিত হয়েছে, সেই বিচার কাজ করে।
(v) অভীক্ষাপদের কাঠিন্যমাত্রা (Difficulty Value of test items).	(v) কাঠিন্যমাত্রা মোটামুটি 0.3 থেকে 0.7 এর মধ্যে থাকে।	(v) শিখন কাজের প্রকৃতির উপর কাঠিন্য মাত্রা নির্ভর করে। তবে অনুমান করে নেওয়া হয়, উপযুক্ত শিক্ষণের ফলে প্রত্যেক শিক্ষার্থী যথেষ্ট মাত্রায় বিষয়বস্তু আয়ত্ত্ব করতে পেরেছে এবং সেই অনুযায়ী কাঠিন্যমাত্রা নির্ধারণ করা হয়।
(vi) যথার্থতা (Validity).	(vi) বিষয়বস্তু সম্পর্কিত (Content validity) যথার্থতা ও নির্ণায়ক সম্পর্কিত (Critical related) যথার্থতা ব্যবহার করা হয়।	(vi) বিষয় ও উদ্দেশ্যের সামঞ্জস্যের মাত্রা অনুযায়ী যথার্থতা স্থির করা হয়।
(vii) নির্ভরযোগ্যতা (Reliability).	(vii) পরীক্ষা-পুনঃপরীক্ষা (Test-retest) তুল্যমূলক (Equivalent) অধ্বংসিত (Intersplit half) পদ্ধতি।	(vii) মতবিরোধ (Controversy) বর্তমান।